

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.৫

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

বিষয়: সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য বিভিন্ন প্রায়োগিক উদ্ভাবনী চিন্তা ও ধারণা সম্পর্কে এলজিইডি এর মাঠ পর্যায়ে ও সদর দপ্তরে কর্মরত কর্মকর্তাদের থেকে প্রস্তাব আহবান প্রসঙ্গে।

সূত্র: এলজিইডি'র ইনোভেশন টিম-এর ২০২২ সালের জুলাই মাসের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের অবকাঠামো উন্নয়ন ব্যবস্থাপনা তথা পল্লী উন্নয়ন, নগর উন্নয়ন ও ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন ব্যবস্থাপনাসহ দেশের আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়ন ব্যবস্থাপনা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর উপর ন্যস্ত। এলজিইডির বিস্তৃত ও বহুমুখী কর্মসূচীতে যথাঃ সড়ক নির্মাণ, সেতু/কালভার্ট নির্মাণ, বাজার উন্নয়ন, স্কুল/কলেজ নির্মাণ, উপজেলা/ইউনিয়ন কমপ্লেক্স নির্মাণ, নগর অবকাঠামো, পানি সম্পদ অবকাঠামো, সামাজিক উন্নয়ন এবং পরিবেশ সংরক্ষণে কাজ করে থাকে। বর্তমানে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিতকরণ এবং গ্রামীণ জনপদে সুপারিকল্পিত নাগরিক সুযোগ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে এই অবকাঠামো উন্নয়ন ব্যবস্থাপনার গুরুত্ব দিন দিন বেড়েই চলেছে। এছাড়া সরকারের চাহিদা ও স্থানীয় প্রয়োজনীয়তার ভিত্তিতে নিত্যনতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন আছে যার কারণে গতানুগতিক ব্যবস্থাপনার পরিবর্তে নতুন নতুন প্রায়োগিক, আধুনিক ও উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার প্রয়োজন। এছাড়াও মাঠ পর্যায়ে ও সদর দপ্তরের নানা ধরনের প্রশাসনিক কাজ করতেও নানামুখী সমস্যা ও চ্যালেঞ্জ অতিক্রম করতে হয়। বর্তমানে মাঠ পর্যায়ে ও সদর দপ্তরে কর্মরত অনেক কর্মকর্তাদের মধ্যে নতুন নতুন প্রায়োগিক, আধুনিক ও উদ্ভাবনী চিন্তা-ধারা বিদ্যমান। মাঠ পর্যায় ও সদর দপ্তরে কর্মরত কর্মকর্তাগণ বিভিন্ন সময়ে বিভিন্ন ক্ষেত্রে নানামুখী চ্যালেঞ্জ ও সেবাগুলো বিদ্যমান প্রযুক্তি ও উদ্ভাবনী ধারণা ব্যবহার করে সমস্যাগুলোর সমাধান করে থাকে। এই ধরনের নতুন নতুন প্রায়োগিক, আধুনিক ও উদ্ভাবনী চিন্তা-ধারাসমূহকে কাজে লাগানো গেলে এলজিইডির বিদ্যমান সেবাগুলোকে আরো সৃষ্টিশীল, গতিশীল, কার্যকারিতা বৃদ্ধি, ভবিষ্যতের জন্য প্রস্তুতি গ্রহণসহ সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন করা সম্ভব।

এমতাবস্থায়, মাঠ পর্যায় এবং সদর দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের প্রায়োগিক, আধুনিক ও উদ্ভাবনী চিন্তা-ধারা/ধারণা সমূহকে সংযুক্ত ছক পূরণপূর্বক তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) এর দপ্তরে এবং ই-মেইলে (se.planning@lged.gov.bd) আগামী ৩০ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: উদ্ভূত সমস্যা ও সমাধান বিষয়ক ছক (০১ পাতা)

৮-৮-২০২২

শেখ মোহাম্মদ মহসিন

প্রধান প্রকৌশলী

ফোন: +৮৮-০২-৫৮১৫২৮০২

ফ্যাক্স: +৮৮-০২-৪৪৮২৬২৬৫

ইমেইল: ce@lged.gov.bd

প্রতি:

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সদর দপ্তর)
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল বিভাগ)
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সদর দপ্তর)
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল অঞ্চল)
- ৫) প্রকল্প পরিচালক (সকল)

৬) নির্বাহী প্রকৌশলী (সকল জেলা)

৭) উপজেলা প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

স্মারক নম্বর: ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০২.২২.৫/১(১১)

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) এলজিইডি ইনোভেশন টিম



৮-৮-২০২২

প্রকাশ চন্দ্র বিশ্বাস

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)

সংযুক্ত ছক

ক্রমিক নং	বর্তমান/উদ্ভূত সমস্যা	সমস্যা সমাধানের সম্ভাব্য উপায়	সম্ভাব্য প্রায়োগিক, আধুনিক ও উদ্ভাবনী চিন্তা-ধারা/ধারণা	মন্তব্য